

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৩৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - হাঁচি দেয়া এবং হাই তোলা

بَابُ الْعُطَاسِ وَالتَّثَاقُبِ

আরবী

وَعَن سلمةَ بن الْأَكْوَع أَنَّهُ سَمِعَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَطَسَ رَجُلُ عِنْدَهُ فَقَالَ لَهُ: «يَرْحَمُكَ اللَّهُ» ثُمَّ عَطَسَ أُخْرَى فَقَالَ: «الرَّجُلُ مَزْكُومٌ» . رَوَاهُ مُسلم وَفِي رِوَايَة التَّرْمِذِيِّ أَنَّهُ قَالَ لَهُ فِي الثَّالِثَةِ: «إِنَّهُ مَزْكُومٌ»

বাংলা

8৭৩৬-[৫] সালামাহ্ ইবনুল আকওয়া (রাঃ) হতে বর্ণিত। জনৈক ব্যক্তি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটে হাঁচি দিলো, তখন তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) তার জবাবে "ইয়ারহামুকাল্ল-হ" বললেন। অতঃপর লোকটি দ্বিতীয়বার হাঁচি দিলো। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ লোকটি কফ-সর্দিতে আক্রান্ত হয়েছে। (মুসলিম)[1]

তিরমিযী'র এক বর্ণনায় আছে, লোকটির তৃতীয়বার হাঁচির সময় রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ লোকটি কফ-সর্দিতে আক্রান্ত হয়েছে।

ফটনোট

[1] সহীহ: মুসলিম ৫৫-(২৯৯৩), আবৃ দাউদ ৫০৩৭, দারিমী ২৬৬১, সহীহ ইবনু হিব্বান ৬০৩, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬১০৯, শু'আবুল ঈমান ৯৩৫৭, 'নাসায়ী'র কুবরা ১০০৫১, তিরমিয়ী ২৭৪৩, ইবনু মাজাহ ৩৭১৪, সহীহুল জামি' ৮০৯৪, সহীহু আল আদাবুল মুফরাদ ৯৩৫, মুসান্নাফ ইবনু আবৃ শায়বাহ্ ২৫৯৮১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীস সম্পর্কে বিভিন্ন মনীষীগণের উক্তি রয়েছে। কাযী 'ইয়ায (রহিমাহুল্লাহ) বলেনঃ হাঁচিদাতা যদি ''আলহামদুলিল্লা-হ'' বলে তবুও সে দু'আ পাওয়ার দাবিদার। মাকহূল (রহিমাহুল্লাহ) বলেনঃ একদিন আমি



আমীরুল মু'মিনীন 'উমার ইবনুল খত্ত্বাব (রাঃ)-এর নিকটে ছিলাম। এ সময়ে মসজিদের এক পাশে কোন এক ব্যক্তি হাঁচি দিল। তখন 'উমার (রাঃ) বলেন, ''ইয়ারহামুকাল্ল-হ'' আল্লাহ তা'আলা তোমার প্রতি অনুগ্রহ দান করুক। কেননা তুমি আল্লাহর প্রশংসা করেছ। ইমাম শা'বী (রহিমাহুল্লাহ) বলেছেন, যদি কোন ব্যক্তি দেয়ালের পিছন থেকে হাঁচি দিয়ে ''আলহামদুলিল্লা-হ'' বলে আর তুমি তা শুনতে পাও তবে তুমি ''ইয়ারহামুকাল্ল-হ'' বলবে। ইবরাহীম নাখ'ঈ (রহিমাহুল্লাহ) বলেছেনঃ তুমি যদি হাঁচি দিয়ে ''আলহামদুলিল্লা-হ'' বল। কিন্তু তোমার কাছে অন্য কেউ না থাকে তখন তুমি বলবে ''ইয়াগিফিরুল্ল-হু লানা- ওয়ালাকুম''। তোমার হাঁচির জবাবে মালাক (ফেরেশতা) ''ইয়ারহামুকাল্ল-হ'' বলেছেন, কারণ মালায়িকাহ্ (ফেরেশতাগণ) সব সময় মানুষের সাথে আছেন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন